বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই পিএলসি
(An Enterprise of Bangladesh Power Development Board)
উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন ও মানব সম্পদ উন্নয়ন) এর দপ্তর
প্রধান কার্যালয়: বিদ্যুৎ ভবন, হেতেম খাঁ, রাজশাহী-৬০০০
www.nesco.gov.bd

স্মারক নং- ২৭.২৯.০০০০.০১১.১১.০০৭.২০-১৭৪ তাং- ১০/১২/২০২৪ খ্রি.

# নিয়োগপত্র

নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই পিএলসি এর পরিচালনা পর্ষদের ১৯১তম সভার সিদ্ধান্ত মোতাবেক নিয়োগ পরীক্ষায় উত্তীর্ণ নিম্নোক্ত প্রার্থীদ্বয়কে এ নিয়োগপত্রের শর্ত সাপেক্ষে সহকারী প্রকৌশলী (বিক্রয় ও বিতরণ/বাণিজ্যিক পরিচালন/ক্রয়/প্রকৌশল/গ্রাহক সেবা) পদে অপেক্ষমাণ মেধা তালিকা হতে নিয়োগ প্রদান করা হলো:

| ক্রম | মেধাক্রম | রোল নম্বর | প্রার্থীর নাম | পিতার নাম | মাতার নাম | জন্ম তারিখ | স্থায়ী ঠিকানা |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ৭১ | ৩৫১৯৪৪ | মোঃ তমিরুল ইসলাম | মোঃ আজাহার মন্ডল | মোছাঃ সাহারা বানু | ১৯৯৭-১০-২৮ | গ্রাম/বাসা/হোল্ডিং নং: বাবুলচারা<br>ডাকঘর: দীঘা-৬৬২০<br>থানা/উপজেলা: ঈশ্বরদী<br>জেলা: পাবনা |
| ২ | ৭২ | ৩৫১০৪৭ | কাজী আবদুল আহাদ | কাজী আবদুর রউফ | তাহমিনা বেগম | ১৯৯৮-০১-০৬ | গ্রাম/বাসা/হোল্ডিং নং: চাপাপুর<br>ডাকঘর: চাপাপুর -৩৫০০<br>থানা/উপজেলা: কুমিল্লা আদর্শ সদর<br>জেলা: কুমিল্লা |

**প্রযোজ্য শর্তাবলি:**

১. **নিয়োগ চুক্তির মেয়াদ:**
০১ (এক) বছর প্রবেশন পিরিয়ডসহ এ নিয়োগ-চুক্তির মেয়াদ ০৩ (তিন) বছর। তবে, কর্তৃপক্ষ প্রয়োজন সাপেক্ষে প্রবেশন পিরিয়ড আরো ছয় মাস বৃদ্ধি করতে পারবেন। সন্তোষজনকভাবে প্রবেশন পিরিয়ড সম্পন্নকরণ, অন-দ্যা-জব ট্রেনিং প্রতিবেদন বা ফাউন্ডেশন ট্রেনিং সনদ, সন্তোষজনক পুলিশ তদন্ত প্রতিবেদন, সন্তোষজনক বার্ষিক গোপনীয় প্রতিবেদন, সম্পদ বিবরণী, পারফরমেন্স বিবরণী এবং স্বাস্থ্যগত সনদ বিবেচনা সাপেক্ষে প্রার্থীর প্রবেশন পিরিয়ডসহ ০৩ (তিন) বছরের জন্য চুক্তিভিত্তিক নিয়োগ নিশ্চিতকরণ করা হবে। সন্তোষজনক কর্মকাল বিবেচনায় চুক্তির মেয়াদ শর্ত সাপেক্ষে নবায়নযোগ্য।

২. **বেতন ও অন্যান্য সুবিধা:**

| | | |
|---|---|---|
| ক) | মাসিক মূল বেতন | ৳ ৫১,০০০.০০ (একান্ন হাজার) টাকা মাত্র। |
| খ) | বাড়ি ভাড়া ভাতা | নেসকো'র চাকরি বিধি অনুসারে প্রাপ্য। |
| গ) | চিকিৎসা ভাতা | |
| ঘ) | বোনাস | |
| ঙ) | যানবাহন/যাতায়াত ভাতা | |
| চ) | বাংলা নববর্ষ ভাতা | |
| ছ) | প্রান্তিক/অন্যান্য সুবিধাদি | নেসকো'র চাকরি বিধি অনুসারে গ্র্যাচুইটি, সিপিএফ এবং অন্যান্য সুবিধাদি প্রাপ্য হবেন যা পরিচালনা পর্ষদের সিদ্ধান্ত অনুসারে সময়ে সময়ে পরিবর্তনযোগ্য। |
| জ) | আয়কর | সরকারের বিধিবিধান অনুযায়ী আয়কর কর্তন যোগ্য। |

| | | |
|---|---|---|
| ৩. | **অব্যাহতি/চাকরিচ্যুতি/চাকরির অবসান** | ক) স্থায়ী/নিয়মিত ইমপ্লয়ির ক্ষেত্রে (চাকরি নিশ্চিতকরণের পর) কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে ০৩ (তিন) মাসের অগ্রিম নোটিশ/ ০৩ (তিন) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ প্রদান সাপেক্ষে এ নিয়োগ হতে অব্যাহতি/চাকরিচ্যুতি/চাকরির অবসান করার ক্ষমতা নেসকো কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। |

| | | |
|---|---|---|
| | | খ) প্রবেশন পিরিয়ডে কোনো ধরণের লিখিত নোটিশ প্রদান ব্যতিরেকে এ নিয়োগ হতে অব্যাহতি/চাকরিচ্যুতি/চাকরির অবসান করার ক্ষমতা নেসকো কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।<br>গ) অস্থায়ী/সাময়িক ভিত্তিতে নিয়োগপ্রাপ্ত ইমপ্লয়ির ক্ষেত্রে কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে ০১ (এক) মাসের অগ্রিম নোটিশ/ ০১ (এক) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ প্রদান সাপেক্ষে চাকরি হতে অব্যাহতি/চাকরিচ্যুতি/চাকরির অবসান করার ক্ষমতা নেসকো কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।<br>উল্লেখ্য, বার্ষিক লক্ষ্যমাত্রা অর্জনে ব্যর্থতা কিংবা দুর্নীতি, দায়িত্ব অবহেলা কিংবা অসদাচরণ ইত্যাদির ক্ষেত্রেও কোনো কারণ দর্শানো ব্যতিরেকে অব্যাহতি/চাকরিচ্যুতি/চাকরির অবসান করার ক্ষমতা নেসকো কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। |
| ৪. | **স্বেচ্ছায় পদত্যাগ** | ইমপ্লয়ি প্রবেশন পিরিয়ডে ০১ (এক) মাসের অগ্রিম নোটিশ প্রদান সাপেক্ষে চাকরি হতে স্বেচ্ছায় পদত্যাগ করতে পারবেন। চাকরি নিশ্চিতকরণের পর ০২ (দুই) মাসের অগ্রিম নোটিশ প্রদান সাপেক্ষে চাকরি হতে স্বেচ্ছায় পদত্যাগ করতে পারবেন। তবে কোন কারণে নির্ধারিত সময়ের পূর্বে পদত্যাগের জন্য নোটিশ প্রদানে ব্যর্থ হলে উক্ত সময়ের (নোটিশ পিরিয়ডের ঘাটতিকাল) মূলবেতনের সমপরিমাণ অর্থ জমা প্রদান সাপেক্ষে চাকরি হতে স্বেচ্ছায় পদত্যাগ করতে পারবেন। |
| ৫. | **চাকরির সুবিধাদি পরিবর্তন/পরিমার্জন** | নেসকো কর্তৃপক্ষ প্রতিষ্ঠানে বিদ্যমান বিধি অথবা পরিচালনা পর্ষদের সিদ্ধান্ত অনুযায়ী নিয়োগপত্রে উল্লেখিত চাকরির শর্তাবলি ও সুবিধাদি পরিবর্তন/পরিবর্ধন/পরিমার্জন/সংশোধনের ক্ষমতা সংরক্ষণ করেন। |
| ৬. | **ছবি ও সনদপত্র দাখিল** | যোগদানের সময় প্রার্থীর:-<br>• সিভিল সার্জন/নেসকো'র নিজস্ব মেডিক্যাল আফিসার কর্তৃক প্রদত্ত শারীরিক কর্মক্ষমতা/যোগ্যতার সনদ;<br>• স্বহস্তে স্বাক্ষরিত যোগদানপত্র;<br>• অনলাইন আবেদনের রঙিন কপি;<br>• গেজেটেড (৯ম গ্রেড বা তদূর্ধ্ব) কর্মচারী কর্তৃক সত্যায়িত দুই কপি পাসপোর্ট সাইজ রঙিন ছবি;<br>• গেজেটেড (৯ম গ্রেড বা তদূর্ধ্ব) কর্মচারী কর্তৃক সত্যায়িত জাতীয় পরিচয়পত্রের কপি;<br>• স্থায়ী ঠিকানার সমর্থনে মেয়র/চেয়ারম্যান/কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্রের মূলকপি;<br>• গেজেটেড (৯ম গ্রেড বা তদূর্ধ্ব) কর্মচারী কর্তৃক সত্যায়িত শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্র ও নম্বরপত্র (ট্রান্সক্রিপ্ট) এর ফটোকপি এবং<br>• গেজেটেড (৯ম গ্রেড বা তদূর্ধ্ব) কর্মচারী কর্তৃক সত্যায়িত অভিজ্ঞতার সকল সনদপত্রের ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে) দাখিল করতে হবে। |
| ৭. | **ছাড়পত্র** | সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত/সরকারি মালিকানাধীন কোম্পানি ও আর্থিক প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত মূল অব্যাহতি পত্র দাখিল করতে হবে। |
| ৮. | **সার্টিফিকেটের তথ্য** | পুলিশ তদন্ত প্রতিবেদন, শিক্ষাগত যোগ্যতার সনদ এবং প্রার্থী কর্তৃক দাখিলকৃত অন্যান্য তথ্যে গরমিল/মিথ্যা প্রমাণিত হলে তাৎক্ষণিকভাবে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে। |
| ৯. | **সম্পদ বিবরণী** | যোগদানের সময় কোম্পানি কর্তৃক নির্ধারিত (নেসকো'র ওয়েবসাইট হতে ডাউনলোড করা যাবে) সম্পদ বিবরণী ফর্ম প্রার্থী কর্তৃক পূরণ করে দাখিল করতে হবে। |
| ১০. | **পুলিশ তদন্ত প্রতিবেদন** | যোগদানের সময় কোম্পানি কর্তৃক নির্ধারিত (নেসকো'র ওয়েবসাইট হতে ডাউনলোড করা যাবে) পুলিশ তদন্ত প্রতিবেদন ফর্ম প্রার্থী কর্তৃক পূরণ করে দাখিল করতে হবে। |

উপর্যুক্ত শর্তাবলিতে সম্মত থাকলে আগামী ০১-০১-২০২৫ খ্রি. তারিখ সকাল ৯:০০ ঘটিকায় নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে সশরীরে উপস্থিত হয়ে ব্যবস্থাপনা পরিচালক, নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই পিএলসি, বিদ্যুৎ ভবন, হেতেম খাঁ, রাজশাহী-৬০০০ বরাবর যোগদানপত্র দাখিলের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

নির্ধারিত তারিখে যোগদান করতে ব্যর্থ হলে প্রার্থী বরাবর ইস্যুকৃত নিয়োগপত্র স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে।

10.12.24

মোঃ রফিকুল ইসলাম
মহাব্যবস্থাপক (প্রশাসন ও মানব সম্পদ উন্নয়ন), নেসকো
hr.admin@nesco.gov.bd